

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মোহনপুর, রাজশাহী  
unomohanpur@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৩.০০১.২০২৪- ৫০

তারিখ : ৩০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**মোহনপুর উপজেলা ২০ একরের নিম্নে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি**


ভূমি মন্ত্রণালয়ের ০২/১১/২০২৩ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৬৬২ নং স্মারকে জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০ একরের উর্ধ্বে জলমহাল ইজারার জন্য jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করায় রাজশাহী জেলার মোহনপুর উপজেলার ২১৬ (দুইশত ষোলোটি বদ্ধ জলমহাল ১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন আহবানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সে প্রেক্ষিতে রাজশাহী জেলার মোহনপুর উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দে জলমহালের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calendar Year) মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

ক্র. নং	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	০১ মাঘ থেকে ০৫ মাঘের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান।
২.	০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন মধ্যে	আবেদনকারী কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস হতে অফিস চলাকালে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের আবেদন ফরম ত্রয়পূর্বক ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল।
৩.	০৩ ফাল্গুন এর পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে	আবেদনকারী কর্তৃক অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনপুর, রাজশাহী'তে দাখিল।
৪.	১৬ ফাল্গুনের মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই।
৫.	২৬ ফাল্গুনের মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন।
৬.	১০ চৈত্রের মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, রাজশাহী মহোদয় বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
৭.	১৭ চৈত্রের মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
৮.	২৩ চৈত্রের মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন।
৯.	১ বৈশাখ	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

\* ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ২০ একরের নিম্নে জলমহালের তালিকা [acl.mohonpur.rajshahi.gov.bd](http://acl.mohonpur.rajshahi.gov.bd) এই ওয়েব সাইট হতে সংগ্রহের জন্য বলা হলো।

\* তালিকায় প্রকাশিত কোন জলমহাল নিয়ে কারো কোন আপত্তি /মামলা নিয়ে নিষেধাজ্ঞা সংক্রান্ত আপত্তি থাকলে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৯.০২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবর আবেদন দাখিল করতে হবে।

\* উল্লেখ্য, বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিরোধ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(আয়শা সিদ্দিকা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

মোহনপুর, রাজশাহী

টেলিফোন-০৭২২৬৫৬০০২

ই-মেইল: [unomohanpur@mopa.gov.bd](mailto:unomohanpur@mopa.gov.bd)

স্মারক নং : ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৩.০০১.২০২৪- ৩০(১৩)

তারিখ : ৩০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, ৫৪ রাজশাহী-৩ (পবা-মোহনপুর) ও উপদেষ্টা-০১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, মোহনপুর, রাজশাহী।

০২। জেলা প্রশাসক, রাজশাহী।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-০২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, মোহনপুর, রাজশাহী।

০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।

অনুলিপি অবগতি ও ব্যাপক প্রচারের জন্য প্রেরণ করা হলো :

০৫। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), রাজশাহী।

০৬। সহকারী কমিশনার (ভূমি),.....(সকল), রাজশাহী।

০৭। উপজেলা.....অফিসার.....রাজশাহী। তাকে খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি তার কার্যালয়ে তার কার্যালয়ে

নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৮। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোহনপুর, রাজশাহী। [বিজ্ঞপ্তি গুয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো]


০৯। চেয়ারম্যান, ধুরইল/ঘাসিগ্রাম/রায়ঘাট/মোগাছি/বাকশিমইল/জাহানাবাদ ইউপি, মোহনপুর, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১০। ইউনিয়ন ভূমি সহকারী, কেশরহাট/ধোঁর্বা/হরিহরপাড়া ইউনিয়ন ভূমি অফিস, মোহনপুর, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি টোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য এবং জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১১। জনাব..... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, মোহনপুর, রাজশাহী।

১২। সম্পাদক, দৈনিক.....পত্রিকার ভিতরের পাতায় ৮" X ৬" সাইজে স্বল্প পরিসরে একদিন প্রকাশ করত: পত্রিকার বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৩। অফিস কপি।

  
৩৫.০১.২৪

(মিথিলা দাস)

সহকারী কমিশনার (ভূমি)

ও

সদস্য-সচিব

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
মোহনপুর, রাজশাহী